

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)



স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৪.২০-৫২১

তারিখঃ ২৯ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ  
১৫ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে ডাক্তার/স্বাস্থ্য কর্মীদের আবাসনের লক্ষ্যে হাসপাতাল  
নিকটবর্তী রেস্ট হাউসের তথ্য প্রেরণ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সারাদেশব্যাপী করোনাভাইরাসের সম্ভাব্য প্রাদুর্ভাব মোকাবিলায় ঢাকাসহ সকল মহানগর, জেলা ও উপজেলা হাসপাতালের চিকিৎসক ও অন্যান্য স্বাস্থ্যসেবাকর্মীদেরকে হাসপাতাল সংলগ্নস্থানে বসবাসের প্রয়োজন দেখা দিতে পারে। গণপরিবহন বন্ধ হয়ে যাওয়ায় হাসপাতাল সংলগ্নস্থানে বসবাস করা আরো জরুরী হয়ে পড়েছে।

০২। এমতাবস্থায়, সরাসরি হাসপাতাল সংলগ্ন কিংবা জেলা/ উপজেলা সদরে সরকারি রেস্টহাউজ এবং অন্যান্য আবাসনসুবিধা চিহ্নিত ও সংরক্ষণ করে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে অবিহিত রাখার জন্য জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(খন্দকার জাকির হোসেন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

[admin1@hsd.gov.bd](mailto:admin1@hsd.gov.bd)

বিতরণঃ

১. বিভাগীয় কমিশনার (সকল).....
২. জেলা প্রশাসক (সকল).....
৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল).....

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ✓ ৫. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।